প্রথম আলো

তারিখ 18 SEP ২০১৭ ……
পৃষ্ঠা ……… কলাম ………

# ফল প্রকাশের দাবিতে সাত কলেজের শিক্ষার্থীদের অনশন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে নতুন অধিভুক্ত হওয়া রাজধানীর সাত কলেজের ২০১১-১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা গতকাল রোববার সকাল থেকে বিকেল পর্যন্ত কেন্দ্রীয় শহীদ মিনারে অনশন করেছেন। সম্মান চতুর্থ বর্ষের পরীক্ষা হওয়ার আট মাসেও ফল না পাওয়ায় তাঁরা এ কর্মসূচি পালন করেন।

সকাল সাড়ে ১০টার দিকে 'অধিভুক্ত সাত কলেজের ফলাফল প্রত্যাশী শিক্ষার্থীবৃন্দ'-এর ব্যানারে অনশন কর্মসূচি শুরু হয়। তাঁরা 'শিক্ষার কোনো বয়স নাই, চাকরির কিন্তু আছে', 'আমরা শুধু রেজাল্ট চাই, দাবি সবার কাছে', 'প্রশাসনের তৎপরতা কেন নাই, সেপ্টেম্বরের মধ্যেই রেজাল্ট চাই' ইত্যাদি লেখা প্ল্যাকার্ড বহন করেন।

এর আগে গত ২০ জুলাই রুটিনসহ পরীক্ষার তারিখ ঘোষণার দাবিতে শাহবাগে বিক্ষোভ করতে এলে পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষ হয়। পুলিশের টিয়ার শেলের আঘাতে তিতুমীর কলেজের শিক্ষার্থী সিদ্দিকুর রহমানের দুই চোখ ক্ষতিগ্রস্ত হয়।

> 'সাত কলেজের ২০১১-১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা গত ফেব্রুয়ারি মাসে চূড়ান্ত পরীক্ষা দিয়েছেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ে তাঁদের সঙ্গে ভর্তি হওয়া শিক্ষার্থীরা তিন মাস আগে ফল নিয়ে চাকরির পরীক্ষায় অংশ নিচ্ছেন'

ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, বেগম বদরুন্নেসা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, কবি নজরুল ইসলাম কলেজ, শহীদ সোহরাওয়ার্দী কলেজ ও মিরপুর বাঙলা কলেজের শিক্ষার্থীরা এই আন্দোলন করছেন।

গতকাল অনশনে অংশ নেওয়া শিক্ষার্থীদের একজন *প্রথম আলোকে* বলেন, এই সাত কলেজের ২০১১-১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা গত ফেব্রুয়ারি মাসে চূড়ান্ত পরীক্ষা দিয়েছেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ে তাঁদের সঙ্গে ভর্তি হওয়া শিক্ষার্থীরা তিন মাস আগে ফল নিয়ে চাকরির পরীক্ষায় অংশ নিচ্ছেন। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হওয়ার পর তাঁদের আট মাস আগের ফলও তাঁরা পাচ্ছেন না। এ কারণে সর্বশেষ বিসিএস পরীক্ষায়ও তাঁরা আবেদন করতে পারেননি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং……………
তারিখ……………
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর